

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, খুলনা
www.bkkb.khulnadiv.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৮তম শাহাদত
বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রভুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মৃধা মো: মোজাহিদুল ইসলাম, পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।
সভার তারিখ ও সময় : ২৪ জুলাই, ২০২৩ তারিখ, সোমবার, বেলা: ১১.০০ মিনিট
স্থান : পরিচালক ঐর অফিস কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদত বরণকারী সকলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এক মিনিট নীরবতা পালন করা হয়। প্রতিবছরের মতো এ বছরও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। এ পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়ের কার্যবিবরণী মোতাবেক ১৫ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ জাতীয় শোক দিবসের বিস্তারিত কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য উপপরিচালক জনাব নাসরিন আক্তার-কে অনুরোধ করা হয়।

০২। উপপরিচালক জনাব নাসরিন আক্তার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়ের নির্দেশনাসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সভায় ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবসের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	কর্মসূচি	বাস্তবায়নকারী
১.	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা বিভাগীয় কার্যালয় বিভাগীয় কমিশনারের কার্যালয় ভবনে অবস্থিত বিধায় বিভাগীয় কমিশনারের কার্যালয় কর্তৃক উত্তোলিত পতাকাকে অর্ধনমিত রাখা হবে।	উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা
২.	কালো ব্যাজ ধারণ	১ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ হতে সকল কর্মচারীদের কালো ব্যাজ ধারণ করতে হবে।	১. উপপরিচালক ২. সহকারী হিসাবরক্ষণ অফিসার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা
৩.	ড্রপডাউন ব্যানার টাঙ্গানো	ক. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা বিভাগীয় কার্যালয় বিভাগীয় কমিশনারের কার্যালয় ভবনে অবস্থিত বিধায় বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সাথে সমন্বয় করে ভবনের দৃষ্টিগ্রাহ্য স্থানে ড্রপডাউন ব্যানার টাঙ্গানো হবে। খ. এ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন জোড়াগেটস্থ কমিউনিটি সেন্টার ভবনের দুই প্রান্তে ০২ টি ড্রপডাউন ব্যানার টাঙ্গানো হবে।	১. উপপরিচালক ২. সহকারী পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা

পাতা-০২

৪.	জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ	জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ম্যুরালে পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা ঐর নেতৃত্বে সকল কর্মচারীদের নিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হবে।	১. উপপরিচালক ২. সহকারী পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা
৫.	আলোচনা সভা দোয়া ও মিলাদ মাহফিল /প্রার্থনা	১. বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা কর্তৃক আয়োজিত আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলে এ কার্যালয়ের পরিচালক ও উপপরিচালক অংশগ্রহণ করবেন। ২. ১৫ আগষ্ট ২০২৩ খ্রি. তারিখ সুবিধাজনক সময়ে এ কার্যালয়ের পরিচালক মহোদয়ের কক্ষে সকল কর্মচারীদের নিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে।	১. পরিচালক ২. উপপরিচালক ৩. সহকারী হিসাবরক্ষণ অফিসার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা
৬.	সচিত্র প্রতিবেদন প্রেরণ	গৃহীত সকল কর্মসূচির সচিত্র প্রতিবেদন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে।	পরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড বিভাগীয় কার্যালয়, খুলনা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে উপর্যুক্ত কর্মসূচি সঠিকভাবে প্রতিপালন করার আহবান
জানানো হয় এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মুখা মো: মোজাহিদুল ইসলাম)
পরিচালক (উপসচিব)

ফোন নম্বর: ০২৪৭৭৭০১৯৬৬

ই-মেইল: directorkhu@bkkb.gov.bd

নম্বর- ০৫.৮১.০০০০.০০৩.৩৪.০০৩ ২৩.৮১০

তারিখ: ২৫-০৭-২০২৩ খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।

(মুখা মো: মোজাহিদুল ইসলাম)
পরিচালক (উপসচিব)